

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

৩১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৪ মে ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৪.০১৫.২৪.৫৩

বিষয়: মোহাম্মদ আলী স্পিনিং মিলস লিঃ নামক বস্ত্র শিল্প এর অনুকূলে ৬ষ্ঠ শ্রেণীর ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রসংগে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-৪৮০, তারিখঃ ০৭/০৫/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মোহাম্মদ আলী স্পিনিং মিলস লিঃ, অফিস: রহমত টাওয়ার, ৩য় তলা, ১৯ দিলকুশা, মতিঝিল, ঢাকা ও কারখানা: যোগিরচালা, মৌচাক, কালিয়াকৈর, গাজীপুর নামক শিল্প প্রতিষ্ঠানটি স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমুখী শিল্প হিসেবে বস্ত্র অধিদপ্তরে নিবন্ধিত। যার নিবন্ধন নং: পরি:/স্পিনিং-০০০০০৬৩৪-২০২২ তারিখ: ২৩/০২/২০২২ খ্রি: এবং শিল্প উপ-খাত: টেক্সটাইল স্পিনিং। প্রতিষ্ঠানটির আইআরসি নং-২৬০৩২৬১২০৭৪৬৯২৩ তারিখ: ২৫/০৮/২০২৩ খ্রি:। কারখানা কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারণে ২য় এডহক শিল্প আইআরসি সুবিধার বিপরীতে কাঁচামাল আমদানি করতে না পারায় কারখানা কর্তৃপক্ষ ৩য় এডহক শিল্প আইআরসি সুবিধার অনুকূলে কাঁচামাল আমদানির সুবিধা প্রদানের আবেদন জানালে কারখানা কর্তৃপক্ষের দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষার পর কারখানাটির অনুকূলে ষাণ্মাসিক আমদানি স্বত্ব=৯,১২,৫২,১২৭/- (নয় কোটি বার লক্ষ বায়ান্ন হাজার একশত সাতাশ টাকা) মাত্র নির্ধারণ পূর্বক ৬ষ্ঠ শ্রেণীর ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

অতএব, উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মনীতি প্রতিপালন স্বাপেক্ষে মোহাম্মদ আলী স্পিনিং মিলস লিঃ, এর অনুকূলে কাঁচামাল (নিষিদ্ধ পন্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) আমদানির জন্য কারখানাটির অনুকূলে ষাণ্মাসিক আমদানি স্বত্ব=৯,১২,৫২,১২৭/- (নয় কোটি বার লক্ষ বায়ান্ন হাজার একশত সাতাশ টাকা) মাত্র নির্ধারণ পূর্বক ৬ষ্ঠ শ্রেণীর ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান করা হল। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

১৪-০৫-২০২৪
ফরিদা ইয়াছমিন
সহকারী পরিচালক

প্রধান নিয়ন্ত্রক, প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৪.০১৫.২৪.৫৩/১
(৫)

৩১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৪ মে ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৫ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, মোহাম্মদ আলী স্পিনিং মিলস লিঃ, অফিস: রহমত টাওয়ার, ৩য় তলা, ১৯ দিলকুশা, মতিঝিল, ঢাকা ও কারখানা:

যোগিরচালা, মৌচাক, কালিয়াকৈর, গাজীপুরা;

৪। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর এবং

৫। ওয়ান স্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।



২৫/১১

১৪-০৫-২০২৪

ফরিদা ইয়াছমিন

সহকারী পরিচালক